

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 23 June, 2025

উপমহাদেশের প্রখ্যাত কাওয়ালি ও সুরের জাদুকর রাহাত ফতেহ আলী খান এবার গাইলেন বাংলা গান। গানের শিরোনাম ‘তুমি আমার প্রেম পিয়াসা’, যেখানে তার সঙ্গে দ্বৈত কণ্ঠ দিয়েছেন যুক্তরাজ্যপ্রবাসী বাংলাদেশি গায়িকা রুবাইয়াত জাহান। গানটির কথা লিখেছেন খ্যাতিমান গীতিকার কবির বকুল এবং সুর ও সংগীত পরিচালনা করেছেন রাজা কাশেফ। গানটি প্রকাশ পাবে ধ্রুব মিউজিক স্টেশন (□□□) এর ব্যানারে।

দুবাইয়ের প্লেব্যাক ক্রিয়েটিভ স্টুডিওতে রেকর্ড করা এই গানে রাহাত ফতেহ আলী খানের কণ্ঠশিল্পের নতুন মাত্রা যোগ হবে বলেই প্রত্যাশা করছে শ্রোতারা। লন্ডনে গানটির ভিডিও ধারণের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

রুবাইয়াত জাহান বলেন, “লন্ডনে এক অনুষ্ঠানে রাহাত ফতেহ আলী খানের সঙ্গে দেখা হয়। সেসময় তিনি বাংলা গান নিয়ে তার ভালোবাসার কথা জানান এবং বাংলা গানে কণ্ঠ দেওয়ার আগ্রহ প্রকাশ করেন। এরপরই গানটির পরিকল্পনা ও বাস্তবায়ন শুরু হয়।”

এখনো গানটির মুক্তির নির্দিষ্ট তারিখ জানানো হয়নি। তবে ধ্রুব মিউজিক স্টেশনের পক্ষ থেকে জানানো হয়েছে, এটি একটি বিশেষ সংগীত উদ্যোগ, যা বাংলা গানের ভুবনে নতুন মাত্রা যোগ করবে।

উল্লেখ্য, রাহাত ফতেহ আলী খান কাওয়ালি গান দিয়ে জনপ্রিয়তার শীর্ষে উঠলেও, বলিউডে তার রোমান্টিক ও মেলোডি ঘরানার গান শ্রোতাদের হৃদয় ছুঁয়েছে বহুবার। এবার বাংলা গানে

তার আগমন নিঃসন্দেহে বাংলাদেশের শ্রোতা ও সংগীতপ্রেমীদের জন্য এক আনন্দদায়ক
সংবাদ। গানটি প্রকাশের পর তা বাংলাদেশ ও আন্তর্জাতিক বাংলা শ্রোতামহলে আলোড়ন তুলবে বলেই মনে করছেন সংশ্লিষ্টরা।

রাহাত ফতেহ আলী খান বন্ডিউ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 20:55

URL: <https://www.timestodaybd.com/public/entertainment/4616453600>